কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 8 MAY 2026 ,FRIDAY|৮ মে ২০২৬ ,শুক্রবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-155


## ফাইল চুরির পরেই জল্পনা তুঙ্গে

### স্বনির্ভর গোষ্ঠীর দুর্নীতিতে তৃণমূলের বিরুদ্ধে অভিযোগ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ মে :** টটপাড়া স্বনির্ভর গোষ্ঠীর ফাইল চুরির ঘটনার পরেই আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকায় স্বনির্ভর গোষ্ঠীর সংঘের দুর্নীতির অভিযোগ উঠে আসছে। সূত্রের খবর গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর গোষ্ঠী গুলি কি পরিচালনা করার জন্য উপসংঘ এবং সংঘের নেত্রীরা রয়েছেন। গত কয়েক বছর ধরে সংঘে কোনরকম নির্বাচন হয়নি। তৎকালীন শাসক দল তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব তাদের নিজেদের পছন্দমত মহিলাদের উপসংঘ এবং সংঘের সদস্যা হিসেবে নিয়োগ করতেন। আলিপুরদুয়ার দুই ব্লকের টি ১১ গ্রাম পঞ্চায়েতে স্বনির্ভর গোষ্ঠীর সংঘের দুর্নীতির অভিযোগ উঠে আসছে টটপাড়া ১ নম্বর গ্রাম পঞ্চায়েতে ফাইল চুরির ঘটনার পরেই। রাজ্যে ক্ষমতার পরিবর্তন হয়েছে। ফলে সবকিছুর পরিবর্তন হবে আশাবাদী স্বনির্ভর গোষ্ঠীর মহিলারাও। দীর্ঘদিন ধরে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা এবং উপসংঘের নেতৃত্বরা বঞ্চিত সংঘের নেত্রীদের কাছ থেকে। এবার আশার আলো দেখছেন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা রাজ্যে পরিবর্তন হওয়ার পরেই।

## ভোট পরবর্তী সময়ে জেলাজুড়ে শান্তি ও সাধারন মানুষের নিরাপত্তা রক্ষায় তৎপর জেলা পুলিশ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৭ মে :** ভোট পরবর্তী সময়ে জেলাজুড়ে সাধারন মানুষের নিরাপত্তা ও শান্তি শৃঙ্খলা বজায় রাখতে তৎপর মালদহ জেলা পুলিশ। পুলিশ সূত্রে জানানো হয়েছে জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতকরন,শান্তি শৃঙ্খলা বজায় রাখা ও যে কোনো ধরনের হিংসাত্মক ঘটনা প্রতিরোধে জেলা পুলিশ ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী যৌথভাবে জেলা জুড়ে রুটমার্চ,নাকা চেকিং পরিচালনার পাশাপাশি কুইক রেস্পন্স টিম মোতায়েন করেছে। পুলিশের পক্ষ থেকে আরও জানানো হয়েছে কোনোরকম হিংসাত্মক কার্যকলাপ বরদাস্ত করা হবেনা। এধরনের ঘটনা ঘটলে রাজনৈতিক রঙ বিচার না করেই আইন অনুসারে পদক্ষেপ গ্রহন করা হবে।

## ৯ই মে বিজেপির শপথ গ্রহণ অনুষ্ঠানকে ঘিরে প্রস্তুতি চলছে জোড় কদমে ব্রিগেড ময়দানে



**সুরজিৎ মালিক ,এই যুগ ,কলকাতা ,৭ মে :** ৯ই মে শনিবার, কলকাতার ব্রিগেড ময়দানে বিজেপির শপথ গ্রহণ অনুষ্ঠান। অনুষ্ঠানকে ঘিরে বিগ্রেড ময়দানে প্রস্তুতি চলছে জোড় কদমে । বিজেপি নেতৃত্ব সুত্রে খবর , শনিবার সকাল ১০ টায় শপথগ্রহণ অনুষ্ঠান শুরু হবে । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , স্বাস্থ্যমন্ত্রী সহ ২০ টি রাজ্যের মুখ্যমন্ত্রী। এছাড়াও উপস্থিত থাকবেন একাধিক বিজেপি সাংসদ। তবে ব্রিগেড ময়দানে জনসাধারণ মাঝে শপথগ্রহণ অনুষ্ঠান ঐতিহাসিক হতে চলেছে বলাই বাহুল্য।

## ভোট গণনার দিন থেকেই শামুকতলা অন্ধকার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ মে :** রাজ্যে পট পরিবর্তনের পরেই অন্ধকার হয়ে গেছে শামুকতলা এলাকা। ৪ মে বিধানসভা ভোটের গণনার দিন থেকেই শামুকতলায় পথবাতি বন্ধ হয়ে গেছে। গোটা রাজ্যে যখন বামফ্রন্ট এককভাবে বিরাজ করেছে ঠিক সেই সময়ে শামুকতলা গ্রাম পঞ্চায়েত পরিচালনা করেছেন কংগ্রেস নেতৃত্বরা। কংগ্রেস আমলে জাতীয় পতাকা তোলার দিনও দেখা গেছে হাজার খানেক দলীয় সমর্থকের সমাবেশ। বামফ্রন্ট শেষে যখন রাজ্যের তৃণমূল ক্ষমতায় আসল তখন শামুকতলার কংগ্রেস নেতৃত্বরা তৃণমূলে গিয়ে যোগ দিলেন। গত পঞ্চায়েত ভোটে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। কংগ্রেসের এক পঞ্চায়েতকে এনে তৃণমূল বোর্ড গঠন করেছে। রাজ্যে ক্ষমতার পট পরিবর্তনের পরেই শামুক তলায় দেখা যায় না তৃণমূল নেতৃত্ব কে। গ্রাম পঞ্চায়েত দপ্তর থেকে লাগানো জ্বলছে না গত তিনদিন ধরে। কবে জ্বলবে পথ বাতি? আলোচনার বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে শামুক তলায় ব্যবসায়ী থেকে সাধারণ মানুষদের মধ্য পথবাতি নিয়েই।

# শিশু পাচারকারী সন্দেহে আটক এক ব্যক্তি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ মে :** শামুকতলা থানা এলাকার কোহিনুর চা বাগানের এক শিশু সহ তার বাবা বিদেশ সফরের পথে আলিপুরদুয়ার পুলিশ তাকে আটক করে। গত মে মাসের ৩ তারিখ ওই ভদ্রলোক তার শিশুকে নিয়ে বাড়ি থেকে বের হয়। আলিপুরদুয়ার পুলিশ তাকে আটক করে শিশু পাচারকারী হিসেবে। বেশ কয়েকদিন তদন্ত চলার পর অবশেষে বৃহস্পতিবার বিকেলে তার পরিবারের সদস্যদের হাতে তাকে তুলে দেন শিশুটিকে। এমনটাই জানা গেছে বৃহস্পতিবার রাতে। তবে শিশুর বাবাকে আগেই ছেড়ে দেওয়া হয়েছিল।

# বুধবার রাতে খয়েরবাড়ি বাজারে আগুনে পুড়ে ছাই চারটি দোকান




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ মে :** আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের চকোয়াখেতি গ্রাম পঞ্চায়েত কার্যালয় লাগোয়া খয়েরবাড়ি বাজারে বুধবার রাতে আগুনে পুড়ে ছাই হয়ে যায় চারটি দোকান। জানা গেছে বুধবার রাত বারোটা নাগাদ বাজারে আগুন লাগে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান সোনাপুর আউটপোস্ট এর পুলিশ ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর জওয়ানরা। ঘটনাস্থলে পৌঁছান দমকলের একটি ইঞ্জিন নিয়ে দমকল কর্মীরা। তাদের সমবেত চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আসে। তবে চারটি দোকান সম্পূর্ণভাবে পুড়ে ছাই হয়ে যায়। আগুন লাগার সঠিক কারন জানা যায়নি। বাজারে এই প্রথম এধরণের ঘটনা ঘটায় আতঙ্কে ব্যবসায়ীরা।

# ফালাকাটার বিধায়ক কি মন্ত্রীত্ব পাবেন ,জল্পনা তুঙ্গে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ মে :** আগামী শনিবার নতুন রাজ্য সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানকে ঘিরে উত্তরবঙ্গের রাজনৈতিক মহলে জোর জল্পনা শুরু হয়েছে যে, ফালাকাটার দু'বারের বিধায়ক এবং রাজ্য বিজেপির সহ-সভাপতি দীপক বর্মন নতুন মন্ত্রিসভায় স্থান পেতে পারেন। আলিপুরদুয়ার জেলায় বিজেপির নজরকাড়া সাফল্যের পর তাঁর সম্ভাব্য অন্তর্ভুক্তি নিয়ে রাজনৈতিক মহলে ব্যাপক আলোচনা চলছে সম্প্রতি সমাপ্ত বিধানসভা নির্বাচনে দীপক বর্মন দ্বিতীয়বারের জন্য ফালাকাটা কেন্দ্র ধরে রাখতে সক্ষম হন। তিনি তৃণমূল কংগ্রেস প্রার্থী সুবাস চন্দ্র রায়কে ৪৫,৯৯৯ ভোটের বিশাল ব্যবধানে পরাজিত করেন।পেশায় একজন স্কুল শিক্ষক এবং ফালাকাটার বাসিন্দা দীপক বর্মন ছাত্রজীবন থেকেই রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের (আরএসএস) সঙ্গে যুক্ত ছিলেন। ১৯৯৯ সালে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর তিনি শিক্ষকতা শুরু করেন এবং পরে ফালাকাটার দেওগাঁও হাই স্কুলের প্রধান শিক্ষক হিসেবে যোগ দেন।পেশাগত জীবনের পাশাপাশি বিজেপির সংগঠনের ভিতও ধীরে ধীরে মজবুত করেন তিনি। ২০২১ সালের বিধানসভা নির্বাচনে তাঁকে ফালাকাটা কেন্দ্র থেকে প্রার্থী করে বিজেপি। সেই সময় কেন্দ্রটি তৃণমূলের বর্ষীয়ান নেতা অনিল অধিকারীর শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত ছিল। হাড্ডাহাড্ডি লড়াইয়ে তিনি তৃণমূল প্রার্থী সুবাস চন্দ্র রায়কে ৩,৯৯০ ভোটে পরাজিত করে আসনটি দখল করেন।২০২৬ সালের বিধানসভা নির্বাচনে আবারও সুবাস রায়ের মুখোমুখি হয়ে দীপক বর্মন বিপুল ব্যবধানে জয়ী হন। এর পাশাপাশি রাজ্য বিজেপির সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করার পাশাপাশি আলিপুরদুয়ার জেলায় দলের সাংগঠনিক শক্তি বাড়াতেও গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন তিনি।রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, আলিপুরদুয়ার জেলার পাঁচটি বিধানসভা আসনেই বিজেপির রেকর্ড ব্যবধানে জয়ের পেছনে দীপক বর্মনের নেতৃত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।জয়ের প্রতিক্রিয়ায় দীপক বর্মন বলেন, “ফালাকাটার মানুষ আগেও আমাকে আশীর্বাদ করেছিলেন, এবারও তাঁদের আস্থা আমার ওপর রেখেছেন। সব প্রত্যাশা পূরণ করতে না পারলেও মানুষ আমাদের সমর্থন করেছেন। আমি তাঁদের কাছে কৃতজ্ঞ।”তিনি আরও দাবি করেন, উত্তরবঙ্গে একটি এইমস গড়ে তোলার আশ্বাস বিজেপি নেতৃত্ব দিয়েছে। তাঁর কথায়, “এটি উত্তরবঙ্গের মানুষের জন্য অন্যতম বড় উপহার হবে। দীর্ঘদিনের স্বাস্থ্য পরিষেবার বঞ্চনা এবার দূর হবে।”দলের অগ্রাধিকার প্রসঙ্গে দীপক বর্মন বলেন, উত্তরবঙ্গের চা-বাগানের শ্রমিকরাই বিজেপির অন্যতম প্রধান ফোকাসে থাকবেন। “চা শ্রমিকদের মজুরি বাড়ানো হবে এবং তাঁদের জমির অধিকার ও পাট্টা দেওয়ার জন্য উদ্যোগ নেওয়া হবে,” বলেন তিনি।ভোট-পরবর্তী হিংসার প্রসঙ্গে বিজেপি কর্মীদের সংযত থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, “মানুষ পরিবর্তনের পক্ষে ভোট দিয়েছেন এবং আমাদের ওপর আস্থা রেখেছেন। সেই বিশ্বাস যেন কোনওভাবেই নষ্ট না হয়, তা নিশ্চিত করতে হবে।”



# ২৫ বছর বয়স্ক গৃহবধূ নিখোঁজ , অভিযোগ পুলিশের কাছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ মে :** ২৫ বছরের গৃহবধূ নিখোঁজ হয়ে গেছেন রহস্য জনক ভাবে শামুকতলা থানার ব্রজের কুঠি থেকে । গৃহবধূ শর্মিলা মহন্ত দেবনাথ গত মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ বাড়ি থেকে বের হন। এরপর থেকে তা আর কোন খোঁজ পাওয়া যায়নি। বৃহস্পতিবার গৃহবধুর স্বামী শামুকতলা থানায় একটি নিখোঁজের অভিযোগের দায়ের করেন। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করেছে।

# জিএনএলএফ কর্মী সমর্থকদের বিক্ষোভ ,রোহিনী টোল প্লাজায় বন্ধ টোল ট্যাক্স আদায়




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৭ মে :** রাজ্যে ক্ষমতার পালাবদলের সাথে সাথে শিলিগুড়িতে প্রবেশ পথে ফুলবাড়ি টোল প্লাজায় টোল আদায় বন্ধ করে দেওয়া হয়। এরপর বৃহস্পতিবার জি এন এল এফ কর্মী সমর্থকদের বিক্ষোভের ফলে বন্ধ করে দেওয়া হয় শিলিগুড়ি থেকে দার্জিলিং যাবার রাস্তার রোহিনী টোল প্লজার টোল ট্যাক্স আদায়। জানা গেছে এদিন জি এন এল এফ কর্মী সমর্থকরা রোহিনী টোল প্লাজায় বিক্ষোভ প্রদর্শন করে সকলের কাছে আবেদন জানান কেউ যেনো এই টোল প্লাজায় কোনোরকম টাকা না দেন। তারা জানান প্রয়াত সুবাস ঘিসিং এর উদ্যোগে সাধারন মানুষের যাতায়াতের জন্য এই রাস্তাটি নির্মিত হয়েছিলো। বর্তমান জি টি এ প্রশাসন সম্পুর্ন অবৈধভাবে এখানে টোল ট্যাক্স আদায় করে সাধারন মানুষের উপর অতিরিক্ত আর্থিক বোঝা চাপিয়ে দিয়েছে। এই টাকার সঠিক ব্যবহার ও হচ্ছিলোনা। তাদের বিক্ষোভে বন্ধ হয়ে যায় টোল আদায়। টোল আদায় বন্ধ হওয়ায় খুশী এই রাস্তায় চলাচলকারী সমস্ত স্তরের যানবাহন চালক ও সাধারন মানুষ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |